# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ২০৪. আরব উপদ্বীপে কোন ইহুদি, খ্রিস্টান কিংবা মুশ্রিকের বসবাস করতে দেয়া

আবু ’উবাইদাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَخْرِجُوْا يَهُوْدَ أَهْلِ الْحِجَازِ وَأَهْلِ نَجْرَانَ مِنْ جَزِيْرَةِ الْعَرَبِ ، وَاعْلَمُوْا أَنَّ شِرَارَ النَّاسِ الَّذِيْنَ اتَّخَذُوْا قُبُوْرَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ

“তোমরা আরব উপদ্বীপ থেকে নাজরান ও ’হিজায অধিবাসী ইহুদিদেরকে বের করে দাও এবং জেনে রাখো, সর্ব নিকৃষ্ট মানুষ হচ্ছে ওরা যারা নিজেদের নবীদের কবরকে মসজিদ বানিয়ে নিয়েছে’’।[1]

আব্দুল্লাহ্ বিন্ ’আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَخْرِجُوْا الْـمُشْرِكِيْنَ مِنْ جَزِيْرَةِ الْعَرَبِ ، وَ أَجِيْزُوْا الْوَفْدَ بِنَحْوِ مَا كُنْتُ أُجِيْزُهُمْ

“তোমরা আরব উপদ্বীপ থেকে মুশ্রিক তথা ইহুদি ও খ্রিস্টানদেরকে বের করে দাও। তবে তোমরা তাদের প্রতিনিধি দলকে প্রবেশের অনুমতি দিবে যেভাবে আমি তাদেরকে প্রবেশের অনুমতি দিতাম’’।[2]

’উমর বিন্ খাত্তাব (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَئِنْ عِشْتُ – إِنْ شَاءَ اللهُ ـ لَأُخْرِجَنَّ الْيَهُوْدَ وَالنَّصَارَى مِنْ جَزِيْرَةِ الْعَرَبِ حَتَّى لاَ أَدَعَ إِلاَّ مُسْلِمًا

“আল্লাহ্ চায়তো আমি আরো কিছু দিন বেঁচে থাকলে ইহুদি ও খ্রিস্টানদেরকে আরব উপদ্বীপ থেকে অবশ্যই বের করে দেবো। যেন এতে মুসলমান ছাড়া আর কেউ না থাকে’’।[3]

>

## ফুটনোট

[1] (আহমাদ্, হাদীস ১৬৯১ ’হুমাইদী, হাদীস ৮৫)

[2] (বুখারী, হাদীস ৩০৫৩, ৩১৬৮, ৪৪৩১ মুসলিম, হাদীস ১৬৩৭ আহমাদ্, হাদীস ১৯৩৫ আবু দাউদ, হাদীস ৩০২৯)

[3] (মুসলিম, হাদীস ১৭৬৭ তিরমিযী, হাদীস ১৬০৬, ১৬০৭ আবু দাউদ, হাদীস ৩০৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন